

🗏 ত্ব-হা | Ta-Ha | 🕹

আয়াতঃ ২০: ১১৩

আ আরবি মূল আয়াত:

وَ كَذَٰلِكَ اَنزَلنَهُ قُرانًا عَرَبِيًّا قَ صَرَّفنَا فِيهِ مِنَ الوَعِيدِ لَعَلَّهُم يَتَّقُونَ اَو يُحدِثُ لَهُم ذِكرًا ﴿١١٣﴾

আর এভাবেই আমি আরবী ভাষায় কুরআন নাযিল করেছি এবং তাতে বিভিন্ন সতর্কবাণী বর্ণনা করেছি, যাতে তারা মুত্তাকী হতে পারে অথবা তা হয় তাদের জন্য উপদেশ। — আল-বায়ান

এভাবেই আমি কুরআনকে আরবী ভাষায় নাযিল করেছি আর তাতে সতর্কবাণী বিস্তারিতভাবে বিবৃত করেছি যাতে তারা আল্লাহকে ভয় করে অথবা তা হয় তাদের জন্য উপদেশ। — তাইসিক্রল

এ রূপেই আমি কুরআনকে অবতীর্ণ করেছি আরাবী ভাষায় এবং তাতে বিশদভাবে বিবৃত করেছি সতর্কবাণী যাতে তারা ভয় করে অথবা এটা হয় তাদের জন্য উপদেশ। — মুজিবুর রহমান

And thus We have sent it down as an Arabic Qur'an and have diversified therein the warnings that perhaps they will avoid [sin] or it would cause them remembrance. — Sahih International

১১৩. আর এভাবেই আমরা কুরআনকে নাযিল করেছি আরবী ভাষায় এবং তাতে বিশদভাবে বিবৃত করেছি সতর্কবাণী, যাতে তারা তাকওয়া অবলম্বন করে অথবা এটা তাদের মধ্যে স্মরণিকার উৎপত্তি করে।

তাফসীরে জাকারিয়া

- (১১৩) এইরূপেই আমি কুরআনকে আরবী ভাষায় অবতীর্ণ করেছি এবং ওতে সতর্কবাণী নানাভাবেই বর্ণনা করেছি, যাতে তারা সংযত হয়[1] অথবা এটা তাদের জন্য উপদেশ হয়। [2]
 - [1] অর্থাৎ, পাপাচার, হারাম ও কুকর্ম করা হতে বিরত হয়।
 - [2] অর্থাৎ, আনুগত্য, নৈকট্য লাভ করার আকাজ্জা অথবা পূর্ববর্তী উম্মতের অবস্থা ও ঘটনাবলী থেকে শিক্ষা গ্রহণ করার মত চিন্তা-ভাবনা ওদের ভিতর সৃষ্টি করে।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2461

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন